

## কৃষিকে লাভজনক করাই আমাদের টার্গেট

— মতিয়া চৌধুরী

গাজীপুর প্রতিনিধি

কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এমপি বলেছেন, দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের পথে রয়েছে। ১৯৯৬ সালে দেশে ৪০ লাখ টন খাদ্য ঘাটতি ছিল। বর্তমানে সে অবস্থা কাটিয়ে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করতে সক্ষম হতে চলেছি। কৃষিকে এখন লাভজনক করাই আমাদের একমাত্র টার্গেট। রোববার সকালে গাজীপুরে ব্রি মিলনায়তনে পাঁচ দিনব্যাপী ইন্সটিটিউটের বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। ধান গবেষণা ইন্সটিটিউটের (ব্রি) বিজ্ঞানীদের প্রতি আহ্বান জানিয়ে তিনি আরও বলেন, লবণসহনশীল জাতসহ বিভিন্ন প্রতিকূল পরিবেশে চাষাবাদ উপযোগী অধিকতর উচ্চ ফলনশীল ধানের জাত উদ্ভাবনের মাধ্যমে বাংলাদেশকে খাদ্য রফতানিকারক দেশে পরিণত করুন। অতীতের সফলতার জন্য ব্রি'র বিজ্ঞানীদের প্রশংসা করে তিনি বলেন, আপনারা অনেক করেছেন কিন্তু আরও অনেক কিছু করার বাকি আছে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন গাজীপুর-২ আসনের সংসদ সদস্য মোঃ জাহিদ আহসাম রাসেল, সম্মানিত অতিথি ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. মোঃ কামাল উদ্দিন, কৃষি সম্প্রসারণ অধিদফতরের মহাপরিচালক মোঃ আবু হানিফ মিয়া। সভাপতিত্ব করেন কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. এসএম নাজমুল ইসলাম। কর্মশালায় 'গবেষণা অগ্রগতি ২০১২-১৩' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ব্রি'র মহাপরিচালক ড. জীবন কৃষ্ণ বিধাস। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ব্রি'র পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মোঃ শাহজাহান কবীর।

